TRANSLATION - BENGALI

Northern Ireland Statistics & Research agency

count me in
Census2001

লোক-গণনা ফর্ম পূরন করার আগে দয়া করে এটা পড়ে নিন।

2001 সেনসাস্ (Census), অর্থাৎ লোক-গণনা বা আদমশুমারে অংশ নেওয়ায় আপনাকে সাহায্য করার উদ্দেশ্যে এই প্রচারপত্র আপনার ভাষায় সরবরাহ করা হচ্ছে। ইংরেজী ভাষায় রচিত 2001 সেনসাস্ ফর্ম আপনাকে পূরণ করতে হবে এবং সেটা কিভাবে করতে হবে তা বুঝতে পারায় আপনাকে সাহায্য করার জন্য এই অনুবাদ করা প্রচারপত্র রচিত হয়েছে।

2001 সেনসাস্ নর্দার্ন (উত্তর) আয়ারল্যান্ড হাউজহোল্ড ফর্ম (2001 Census Northern Ireland Household Form) থেকে সংকলিত বিভিন্ন প্রশ্ন ও নির্দেশ এই প্রচারপত্রের পরবর্তী পৃষ্ঠাগুলোতে দেওয়া হয়েছে, যেগুলো আপনার পরিবারের প্রধান ব্যক্তিসহ সকলের প্রতি প্রযোজ্য এবং প্রতি ব্যক্তির হয়ে আপনাকে সমস্ত প্রশ্নের উত্তর পূরণ করতে হবে। এইসব প্রশ্ন প্রত্যেক ব্যক্তির জন্য একই রকম, সুতরাং আপনি এই প্রচারপত্রের 6 ও 8 নং পৃষ্ঠায় দেওয়া অনুবাদ ব্যবহার ক'রে বুঝতে পারবেন আপনার পরিবারের প্রত্যেক ব্যক্তির জন্য নির্দিষ্ট বিভিন্ন প্রশ্নের উত্তর কিভাবে পূরণ করতে হবে।

লোক-গণনার এই ফরম পূরণ করায় যদি আপনার কোন অসুবিধা হয়, আপনি সেনসাস্ ল্যাংগুয়েজ হেলপ্লাইন-এ (Census Language Helpline) 0845 3662001 নম্বরে টেলিফোন ক'রে সাহায্য চাইতে পারেন।

লোক-গণনা বা আদমশুমার হলো গোটা দেশের জনসংখ্যা হিসাব করার একটা প্রক্রিয়া যা প্রতি দশ বছর অন্তর পরিচালিত হয়। লোক-গণনার মাধ্যমে সংগৃহিত তথ্য আমাদের সকলেরই উপকারসাধনের উদ্দেশ্যে ব্যবহার করা হয় আমাদের সকলেরই এই গণনার অন্তর্ভূক্ত হওয়া দরকার যাতে ভবিষ্যতে যে'সব সেবা আমাদের প্রয়োজন হবে সেগুলো আমরা পেতে পারি।

লোক-গণনার ফলাফল প্রত্যেকের জন্য উন্নততর ভবিষ্যতের পরিকল্পনা রচনায় সাহায্য করবে।

লোক-গণনা কঠোরভাবে গোপনীয় - আপনার সম্পর্কে কোন ব্যক্তিগত তথ্য প্রকাশ করা হবে না।

লোক-গণনার ফর্ম পূরণ ক'রে যথাস্থানে ফেরত পাঠানো আপনার আইনগত কর্তব্য।

পূরণ করা লোক-গণনার ফর্ম রবিবার 29 শে এপ্রিল তারিখের পর যত তাড়াতাড়ি সম্ভব তার সঙ্গে দেওয়া ডাকমাশুলযুক্ত খামে ফেরত পাঠিয়ে দেবেন।

উত্তর আয়ারল্যান্ড-এর লোকগণনা

29 এপ্রিল 2001

লোক-গণনার ফলাফল যেভাবে ব্যবহার করা হবে

সেনসাস্ (Census), অর্থাৎ লোক-গণনা বা আদমশুমার ভবিষ্যতের জন্য আগাম পরিকল্পনা রচনা এবং জনসাধারণের যে'সব সেবার দরকার সেগুলো তাদের সরবরাহ করার কাজে সরকার, ব্যবসা-বাণিজ্য এবং স্বেচ্ছাধীন ক্ষেত্রের জন্য এক অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রক্রিয়া।

জনসাধারণ

আঞ্চলিক ও স্থানীয় স্তরে বিভিন্ন স্বাস্থ্য সেবাসহ নানা ধরণের সেবা সংগঠিত করার জন্য বরাদ্দ অর্থের পরিমাণ জনসংখ্যা ও লোকজনের বয়সের দ্বারা প্রভাবিত হয়ে থাকে। লোক-গণনার মাধ্যমে সংগৃহিত তথ্য স্কুলের পঠন-পাঠন ব্যবস্থা এবং বয়োবৃদ্ধ লোকজনের চাহিদা পূরণের পরিকল্পনা করার কাজেও ব্যবহার করা হবে।

'হাউজিং' বা গৃহায়ন

আপনার বাড়ি সম্পর্কে প্রশ্নগুলো গৃহায়নের জন্য বর্তমান ও ভবিষ্যৎ চাহিদার এবং বিশেষ বিশেষ গোষ্ঠির, যেমন ছোট ছেলেমেয়ে আছে এমন পরিবারের ও বয়োবৃদ্ধ লোকজনের, বাসস্থান-সংক্রান্ত বিভিন্ন চাহিদার মূল্যায়ন করায় সাহায্য করবে। চাহিদার তুলনায় অপ্রতুল গৃহায়ন এবং বাসস্থানের তুলনায় বাসিন্দাদের অতিরিক্ত সংখ্যার দরুণ সৃষ্টি হওয়া সমস্যার সমাধানের বিভিন্ন পদ্ধতিও ভবিষ্যতের জন্য পরিকল্পনা রচনায় সাহায্য করবে।

কর্মসংস্থান

বিশেষ বিশেষ এলাকায় বিভিন্ন চাকরিতে ও শিল্পে কতজন লোক কাজ করে তা জানতে পারলে কর্মীদের দক্ষতার ঘাটতি এবং প্রশিক্ষণের প্রয়োজন চিহ্নিত করা এবং ভবিষ্যতের জন্য কর্মসংস্থানের পরিকল্পনা করা সম্ভব হয়। আমরা আপনার নিয়োগকারীর ঠিকানা জানতে চাইবো বাড়ি থেকে কাজের জায়গায় ভ্রমণের ধারা পরিমাপ করতে পারার জন্য। আপনার নিয়োগকারীর সঙ্গে কোনরকম যোগাযোগ করা হবে না।

স্বাস্থ্য ও যত্নবিধান

জনসাধারণের স্বাস্থ্যগত পরিস্থিতির একটা ছবি পাওয়া গেলে আপনাদের এলাকার উপযুক্ত বিভিন্ন সেবা সংগঠিত করায় সাহায্য হয়। সাধারণভাবে লোকজনের স্বাস্থ্য সম্পর্কে তথ্য ভবিষ্যতে আপনাদের কমিউনিটিতে জিপি এবং অন্যান্য স্বাস্থ্য সেবার প্রয়োজনের ব্যাপারে আগাম ধারণা করায় সাহায্য হবে। একইভাবে, বিনা পারিশ্রমিকে যত্নবিধান সেবার পরিমাণ সম্পর্কে তথ্য সোশ্যাল সার্ভিসেস্-এর বিভিন্ন ব্যবস্থার মূল্যায়নে সাহায্য করবে।

পরিবহন

আপনি কিভাবে কাজের জায়গায় যাতায়াত করেন এবং কতজন লোকের নিজস্ব গাড়ি আছে সে'সম্পর্কে তথ্য ভবিষ্যৎ পরিবহন ব্যবস্থার প্রকৃতি নির্ধারণে এবং জনপরিবহনের উন্নতি করার ও পথে যানজট কমানোর নানা কর্মসূচি রচনায় সাহায্য করে।

সেনসাস্ ফর্ম পূরণে যদি আপনার কোন সমস্যা হয়:
সেনসাস্ ল্যাংগুয়েজ হেল্পলাইন: **0845 3662001** ***(local call rate)***
সেনসাস্ সম্পর্কে তথ্য ইন্টারনেট-এও পাওয়া যায় এই ঠিকানায়:
www.nicensus2001.gov.uk

উত্তর আয়ারল্যান্ড-এর লোকগণনা
29 এপ্রিল 2001

অনুগ্রহ করে ফরম-এর ইংরেজী সংস্করণ পূরণ করুন

H5

উত্তর আয়ারল্যান্ডে লোক-গণনা

29 এপ্রিল 2001

count me in

Northern Ireland Statistics & Research agency

বাসস্থানের ফর্ম

সেনসাস্ হেলপ্‌লাইন 0845 3020011 বধিরদের জন্য টেক্স ফোন 0845 3032001 ওয়েব্‌সাইট www.nicensus2001.gov.uk

গৃহকর্তার প্রতি

সেনসাস্ (Census), অর্থাৎ লোক-গণনা বা আদমশুমার প্রতি দশ বছর অন্তর দেশের সমস্ত লোকজন এবং পরিবারের সংখ্যা হিসাব করার একটা প্রক্রিয়া। এই লোক-গণনার মাধ্যমে সংগৃহিত তথ্য কেন্দ্রীয় ও স্থানীয় সরকার, বিভিন্ন স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং অন্যান্য বহু সংগঠন প্রত্যেকের জন্য সম্পদের বন্টন ও সেবার পরিকল্পনা করার কাজে ব্যবহার ক'রে থাকে। নর্দার্ন আয়ারল্যান্ড স্ট্যাটিস্টিক্স অ্যান্ড রিসার্চ এজেন্সী (Northern Ireland Statistics and Research Agency) উত্তর আয়ারল্যান্ড-এর জন্য লোক-গণনা পরিচালনা করে।

আপনার ফর্ম পূরণ করা

লোক-গণনার ফর্ম পূরণ করা Census Act (Northern Ireland) 1969 বা লোক-গণনা আইন (উত্তর আয়ারল্যান্ড) 1969 অনুসারে বাধ্যতামূলক। আপনি যদি এই ফর্ম পূরণ করতে রাজী না হন, অথবা ভুল তথ্য সরবরাহ করেন, আপনাকে জরিমানা করা হতে পারে। এই দায় অবশ্য ধর্ম সম্পর্কে বিভিন্ন প্রশ্নের উত্তরদানের প্রতি প্রযোজ্য নয়। যথাযথভাবে পূরণ করা ফর্ম ফেরত পাঠানোয় আপনার দায়িত্ব ততক্ষণ পর্যন্ত পালন করা হবে না যতক্ষণ পর্যন্ত না তেমন ফর্ম উপযুক্ত কর্তৃপক্ষের কাছে পৌঁছাচ্ছে। আপনার কোনরকম সাহায্যের দরকার হলে সেনসাস্ হেলপ্লাইন (Census Helpline)-এর সঙ্গে যোগাযোগ করবেন।

গোপনীয়তা

যে তথ্য আপনি সরবরাহ করবেন তা আইনের দ্বারা সংরক্ষিত এবং কঠোরভাবে গোপনীয় বিবেচিত হয়। এই তথ্য কেবলমাত্র পরিসংখ্যানগত উদ্দেশ্যে ব্যবহার করা হয়ে থাকে, এবং লোক-গণনার মাধ্যমে পাওয়া তথ্য যদি কেউ ব্যবহার বা প্রকাশ করে সেই ব্যক্তি আইন অনুযায়ী শাস্তি পাবার যোগ্য হবে। লোক-গণনার সমস্ত ফর্ম Public Records Act (Northern Ireland) 1923 বা সরকারী নথী-সংক্রান্ত আইন (উত্তর আয়ারল্যান্ড) 1923-এর শর্ত অনুসারে নিরাপদে সংরক্ষিত হবে।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

T. N. Caven

ডঃ টি এন ক্যাভেন
রেজিষ্ট্রার জেনারেল
উত্তর আয়ারল্যান্ড

আপনাকে যা করতে হবে

- আপনার পরিবারকে এই ফর্ম **কালো বা নীল কালিতে** পূরণ করতে হবে। একটা পরিবার হলো :
  - একা বাস করছে এমন একজন লোক, অথবা
  - একই ঠিকানায় বসবাসকারী একদল লোক (তাদের আত্মীয় হতে হবে এমন নয়) যারা একই সংসারের সদস্য – হয় একটা লিভিং রুম বা বসার ঘর ভাগাভাগি ক'রে ব্যবহার করছে, অথবা দিনে কমপক্ষে একবার একসঙ্গে খাওয়া-দাওয়া করছে।
- এই ফর্ম ছয়জন লোকের জন্য। আপনার পরিবারে যদি ছয়জনের বেশী লোক থাকে তাহলে আপনার অতিরিক্ত আরেকটা ফর্ম দরকার হবে।
- পরিবারের সমস্ত সদস্যের নাম 1 নং ছকের (পৃষ্টা 2) তালিকায় লিখুন। আপনার বাড়িতে অতিথিদের নাম লেখার জন্য আপনি একই পৃষ্ঠায় 2 নং ছক ব্যবহার করতে পারেন।
- আপনার বাড়িতে বসবাসের ব্যবস্থা সম্পর্কে প্রশ্নের উত্তর দিন (3 পৃষ্ঠা)
- সম্পর্কের বিভাগ পূরন করুন (পৃষ্ঠা 4 ও 5)।
- আপনার পরিবারের প্রত্যেক সদস্যের জন্য একটা ব্যক্তি বিভাগ (3 পৃষ্ঠা) যেন 1 নং ছকের তালিকার মতো একই ক্রম অনুসারে পূরণ করা হয় তা নিশ্চিত করুন।
- বিভিন্ন পৃষ্ঠার ব্যবহার না করা অংশগুলো খালি রাখুন।
- 'ঘোষণা'য় স্বাক্ষর করুন এবং পূরণ করা **ফর্ম** (পরিবারের জন্য অন্য যে কোন ফর্ম-এর সঙ্গে) সঙ্গে দেওয়া ঠিকানাযুক্ত খামে **ফেরত পাঠিয়ে দিন**।

সাহায্য বা অতিরিক্ত ফর্ম পাবার জন্য, অনুগ্রহ ক'রে সেনসাস্ হেলপ্লাইন-এ 0845 320011 নম্বরে টেলিফোন করুন। এই নম্বরে টেলিফোন করার খরচ ধার্য হয় স্থানীয় হারে।

ঘোষণা

- এই ফর্ম পূরণ করার পর স্বাক্ষর করুন। আপনি কোন পাতা বা প্রশ্ন বাদ দিয়ে গেছেন কিনা দেখে নিন।

এই ফর্ম আমার জ্ঞান ও বিশ্বাস অনুসারে যথাযথভাবে পূরণ করা হয়েছে।

স্বাক্ষর

তারিখ

অনুগ্রহ করে ফরম-এর ইংরেজী সংস্করণ পূরণ করুন

ছক 1 পরিবারের সদস্যরা

♦ কালো অথবা নিল কালিতে, আপনার নিজের নাম সহ আপনার বাসস্থানে সাধারনত যারা বাস করেন সবার নাম তালিকাভুক্ত করুন।

- গৃহকর্তা বা যৌথ গৃহকর্তাদের দিয়ে শুরু করুন।
- যারা সাধারণতঃ এই ঠিকানায় বাস করে তাদের মধ্যে কেউ **29** এপ্রিল **2001** তারিখে সাময়িকভাবে বাড়িতে অনুপস্থিত থাকলে তার নাম নিন।
- ছাত্রছাত্রীরা যদি স্কুল, কলেজ বা ইউনিভার্সিটি'র টার্ম চলাকালীন এই ঠিকানায় বাস করে তাহলে তাদের নাম দিন।
- স্কুল, কলেজ বা ইউনিভার্সিটির ছাত্রছাত্রী যারা টার্ম চলাকালে বাড়ীর বাইরে থাকে তাদের নামও তালিকাভুক্ত করুন। তাদের ক্ষেত্রে শুধুমাত্র মৌলিক কিছু তথ্য প্রয়োজন।
- **30** এপ্রিল **2001** তারিখের আগে জন্মেছে এমন যে কোন শিশুর নাম দিন, সে তখনও হাসপাতালে থাকলেও।
- যে'সব লোকের একাধিক ঠিকানা আছে তাদের নামও তালিকায় দিন যদি তারা এই ঠিকানায় বেশীর ভাগ সময় বাস করে।
- সাধারণভাবে অন্য কোন ঠিকানা নেই এমন কোন লোক আপনার সঙ্গে বাস করলে তার নাম লিখুন।
- স্বামী-স্ত্রী বা সঙ্গী যদি কিছুটা সময় বাড়ীর বাইরে থেকে কাজ করেন, অথবা সামরিক বাহিনীর সদস্য হন, অথচ তারা যদি সাধারনভাবে এই ঠিকানায়ই বাস করেন তাহলে তাদেরকেও তালিকাভুক্ত করুন।

♦ আপনার পরিবারের **16** বছর বা তার বেশী বয়সী কোন সদস্যের যদি ব্যক্তিগত কারণে আলাদা ফর্ম-এর দরকার হয়, তাহলে সেন্সাস্ হেলপ্লাইন-এ যোগাযোগ করবেন এবং ' ইন্ডিভিজ্যুয়াল ফর্ম' চিহ্নিত কলাম-এ প্রাসঙ্গিক বাক্সে ✓ দেবেন।

ব্যক্তি নং	ইন্ডিভিজ্যুয়াল ফর্ম
ব্যক্তি **1**	
ব্যক্তি **2**	
ব্যক্তি **3**	
ব্যক্তি **4**	
ব্যক্তি **5**	
ব্যক্তি **6**	

আপনার পরিবারে যদি **6** জনের বেশী লোক থাকে, আপনার অতিরিক্ত একটা ফর্ম দরকার হবে। এর জন্য সেনসাস্ হেলপ্লাইন-এর সঙ্গে যোগাযোগ করুন।

ব্যক্তি **7**	
ব্যক্তি **8**	
ব্যক্তি **9**	
ব্যক্তি **10**	
ব্যক্তি **11**	
ব্যক্তি **12**	

ছক 2 অতিথি

♦ ফর্ম পূরণ করায় আপনার সাহায্যের জন্য **29** এপ্রিল **2001** এই ঠিকানায় উপস্থিত যে কোন অতিথির নাম, যারা সাধারণতঃ অন্যত্র থাকে, আপনি **2** নং ছকে দিতে পারেন।

♦ এই ঠিকানায় কোন অতিথি বা আগন্তুক থাকলে, **H1** থেকে **H6** প্রশ্ন পূরণ করুন (পৃষ্ঠা 3)।

অন্য কোন প্রশ্নের উত্তর দেবার দরকার হবে না।

প্রথম নাম ও পদবী	ঠিকানা

অনুগ্রহ করে ফরম-এর ইংরেজী সংস্করণ পূরণ করুন

অবশিষ্ট প্রশ্নগুলোর উত্তর কিভাবে পূরণ করতে হবে

কালো বা নীল কালি ব্যবহারের কথা মনে রাখবেন।

উপযুক্ত বাক্সে টিক্ চিহ্ন দিন এইভাবে ✓ যদি ভুল বাক্সে চিহ্ন দিয়ে ফেলেন সেটা ভরাট করে সঠিক বাক্সে চিহ্ন দিন এইভাবে ■ ✓

যেখানে আপনার উত্তর লেখার কথা বড় হাতের অক্ষরে লিখুন এবং প্রতি শব্দের পর একটা ফাঁক দিন। কোন শব্দ জায়গায় না ধরলে আলাদা লাইন শুরু করুন।

9 আপনার কোন দেশে জন্ম?

✓ অন্যত্র, *ঐ দেশের বর্তমান নাম লিখুন*

S O U T H

A F R I C A

পরিবারের বসবাসের ব্যবস্থা

H1 আপনার পরিবার কি ধরনের বাসস্থানে বাস করে?

একটা পুরো বাড়ি বা বাংলো যেটা ঃ

- ডিটাচড্
- সেমি-ডিটাচড্
- টেরেসড্ (এন্ড-টেরেস-সহ)

একটা ফ্লাট, মেইজোনেট, বা অ্যাপার্টমেন্ট, যেটাঃ

- একটা পারপাস-বিল্ট ফ্ল্যাট-এর বা টেনামেন্ট এর মধ্যে
- রদবদল বা ভাগাভাগি করা বাড়ির অংশ (বেড-সিট-সহ)
- একটা বাণিজ্যিক ভবনে (যেমন অফিস বাড়ি, হোটেল বা দোকানের ওপরতলা)

ভ্রাম্যমাণ বা অস্থায়ী বাসস্থান ঃ

- একটা ক্যারাভান বা অন্য কোন ভ্রাম্যমাণ বা অস্থায়ী বাসস্থান

H2 আপনার পরিবারের বাসস্থান কি স্বয়ংসম্পূর্ণ?

♦ এর অর্থ হলো যে রান্নাঘর, বাথরুম ও টয়লেট-সহ সমস্ত ঘর একটা দরজার পেছনে অবস্থিত যেটা কেবল আপনার পরিবারই ব্যবহার করতে পারে।

- হ্যাঁ, সমস্ত ঘর একটা দরজার পেছনে যেটা কেবল আমাদের পরিবারই ব্যবহার করতে পারে।
- না

H3 **কেবল আপনার পরিবারের ব্যবহারের জন্য ঘরের সংখ্যা কত?**

♦ বাথরুম, টয়লেট, হল বা ল্যান্ডিং, অথবা যে'সব ঘর কেবল জিনিষপত্র মজুদ রাখার জন্য ব্যবহার হয়, যেমন আলমারি, তাদের সংখ্যা গুণবেন না।

♦ অন্য সব ঘর, যেমন রান্নাঘর, বসার ঘর, শোবার ঘর, কাজকর্ম করার ঘর ও পড়াশোনার ঘর অবশ্যই গুণবেন।

♦ দুই ঘর যোগ ক'রে একটা করা হয়ে থাকলে সেটাকে একটা ঘর ধরবেন।

ঘরের সংখ্যা

H4 আপনার কি কেবল আপনার পরিবারের ব্যবহারের জন্য বাথ/শাওয়ার ও টয়লেট আছে?

হ্যাঁ　　না

H5 আপনার পরিবারের বসবাসের জন্য সবচেয়ে নিচের কোন তলায়?

- বেইসমেন্ট বা সেমি-বেইসমেন্ট
- একতলায় (রাস্তার সমতলে)
- দো'তলায় (রাস্তার ওপরের তলা)
- তিন তলায়
- চার তলা বা পাঁচতলায়
- পাঁচতলায় বা আরো ওপরে

H6 আপনার পরিবার যে'সব ঘর ব্যবহার করে সেগুলো কি বাড়ীর একটার বেশী তলায় অবস্থিত?

হ্যাঁ　　না

H7 আপনার বাসস্থানে কি সেন্ট্রাল হীটিং আছে?

♦ সেন্ট্রাল হীটিং থাকলে 'হ্যাঁ' উত্তরে ✓ দিন, আপনি তা ব্যবহার করুন আর নাই করুন।

♦ সেন্ট্রাল হীটিং-এর মধ্যে আছেঃ

- গ্যাস, তেল বা কঠিন জ্বালানির সাহায্যে ঘর গরম করার ব্যবস্থা
- রাত্রে ব্যবহারের স্টোরেজ হীটার
- গরম বাতাসের সাহায্যে ঘর গরম করার ব্যবস্থা

মেঝের নিচে ঘর গরম করার ব্যবস্থা

- হ্যাঁ, কয়েকটা বা সমস্ত ঘরে

না

H8 আপনার পরিবারের সদস্যদের একজন বা একাধিক সদস্য ক'টা মোটরগাড়ি বা ভ্যান-এর মালিক, বা সেগুলো তারা ব্যবহার করতে পারে?

♦ কোম্পানীর গাড়ি বা ভ্যান ব্যক্তিগত ব্যবহারের জন্য পাওয়া গেলে সেগুলো হিসাবে ধরুন

একটাও না　　এক

দুই　　তিন

চার বা তার বেশী, *সংখ্যা লিখুন*

H9 আপনার পরিবার কি বাসস্থানের মালিক অথবা ভাড়াটিয়া?

♦ কেবল একটা ঘরে ✓ দিন

- সম্পূর্ণ মালিক ► **H11** এ যান
- মর্টগেইজ বা ঋণসহ মালিক ► **H11** এ যান
- আংশিক ভাড়া ও আংশিক মর্টগেইজ দেয় (ভাগাভাগি মালিকানা) ► **H11** এ যান
- ভাড়াটিয়া ► **H10** এ যান
- বিনা ভাড়ায় বাস করে ► **H10** এ যান

H10 আপনার ল্যান্ডলর্ড বা বাড়িমালিক কে?

- নর্দার্ন আয়ারল্যান্ড হাউজিং এক্সিকিউটিভ
- হাউজিং এসোসিয়েশন
  হাউজিং কো-অপারেটিভ
  চ্যারিটেবল্ (দাতব্য) ট্রাষ্ট
- ব্যক্তিগত বাড়িমালিক বা ভাড়াদানকারী সংস্থা
- পরিবারের কোন সদস্যের নিয়োগকারী
- পরিবারের কোন সদস্যের আত্মীয় বা বন্ধু
- অন্যান্য

H11 পরের পৃষ্ঠায় যান।

অনুগ্রহ ক'রে ফর্ম-এর ইংরেজী সংস্করণ পূরণ করুন

পরিবারের সদস্যরা এবং পরিবারের মধ্যে তাদের পরস্পরের সঙ্গে সম্পর্ক

- নিচের উদাহরণে দেখানো হয়েছে JOHN SMITH, তার স্ত্রী (MARY) এবং তাদের তিন সন্তানের (ALISON, STEVEN, JAMES এবং MARGARET) মধ্যে পারস্পরিক সম্পর্কের বিষয়ে তথ্য কিভাবে দিতে হবে।
- এই উদাহরন STEVEN (ব্যক্তি 4) ব্যক্তি 1-এর সম্পর্ক হলো ছেলে, ব্যক্তি 2-এর সম্পর্ক হলো ছেলে এবং ব্যক্তি 3-এর সম্পর্ক হলো ভাই।

ব্যক্তি 1 এর নাম	ব্যক্তি 2 এর নাম		ব্যক্তি 3 এর নাম			ব্যক্তি 4 এর নাম			
প্রথম নাম JOHN পদবী SMITH	প্রথম নাম MARY পদবী SMITH		প্রথম নাম ALISON পদবী SMITH			প্রথম নাম STEVEN পদবী SMITH			
উপরোক্ত ব্যক্তি 1 এর নাম লিখুন	সম্পর্কঃ ব্যক্তি 2 এর সঙ্গে – ব্যক্তি →	1	সম্পর্কঃ ব্যক্তি 3 এর সঙ্গে – ব্যক্তি →	1	2	সম্পর্কঃ ব্যক্তি 4 এর সঙ্গে – ব্যক্তি →	1	2	3
	স্বামী বা স্ত্রী	☑	স্বামী বা স্ত্রী	☐	☐	স্বামী বা স্ত্রী	☐	☐	☐
	পার্টনার (সাথী)	☐	পার্টনার (সাথী)	☐	☐	পার্টনার (সাথী)	☐	☐	☐
	ছেলে বা মেয়ে	☐	ছেলে বা মেয়ে	☑	☑	ছেলে বা মেয়ে	☑	☑	☐
	সৎ ছেলে/মেয়ে	☐	সৎ ছেলে/মেয়ে	☐	☐	সৎ ছেলে/মেয়ে	☐	☐	☐
	ভাই বা বোন	☐	ভাই বা বোন	☐	☐	ভাই বা বোন	☐	☐	☑

- ব্যক্তি 1 দিয়ে শুরু ক'রে, 1 নাং ছকের মতো (পৃষ্ঠা 2) একই ক্রমপর্যায় ও ব্যক্তি সংখ্যা লিখুন।
- প্রতি কলাম্-এর মাথায় পরিবারের প্রতি সদস্যের নাম বড় হাতের অক্ষরে লিখুন।
- প্রতি ব্যক্তির সঙ্গে আপনার পরিবারের অন্যান্য সদস্যদের সম্পর্ক দেখাতে একটি বাক্সে ✓ দিন
- পরিবারের যে'সব সদস্যের ব্যক্তিগত কারণে 'ইন্ডিভিজ্যুয়াল ফর্ম' (আলাদা ফর্ম) দরকার, তাদের বিষয়ে তথ্য দিন।
  পরের পাতাগুলোতে দেওয়া সমস্ত প্রশ্নের উত্তর দেবার জায়গা এইসব লোকের জন্য খালি রাখতে হবে।

ব্যক্তি 1এর নাম	ব্যক্তি 2 এর নাম	ব্যক্তি 3 এর নাম	ব্যক্তি 4 এর নাম
প্রথম নাম	প্রথম নাম	প্রথম নাম	প্রথম নাম
পদবী	পদবী	পদবী	পদবী
	সম্পর্কঃ ব্যক্তি 2 এর সঙ্গে – ব্যক্তি → 1	সম্পর্কঃ ব্যক্তি 3 এর সঙ্গে – ব্যক্তি → 1 2	সম্পর্কঃ ব্যক্তি 4 এর সঙ্গে – ব্যক্তি → 1 2 3
উপরোক্ত ব্যক্তি 1এর নাম লিখুন	স্বামী বা স্ত্রী	স্বামী বা স্ত্রী	স্বামী বা স্ত্রী
	পার্টনার (সাথী)	পার্টনার (সাথী)	পার্টনার (সাথী)
	ছেলে বা মেয়ে	ছেলে বা মেয়ে	ছেলে বা মেয়ে
	সৎ ছেলে/মেয়ে	সৎ ছেলে/মেয়ে	সৎ ছেলে/মেয়ে
	ভাই বা বোন	ভাই বা বোন	ভাই বা বোন
	মা অথবা বাবা	মা অথবা বাবা	মা অথবা বাবা
	সৎ মা অথবা সৎ বাবা	সৎ মা অথবা সৎ বাবা	সৎ মা অথবা সৎ বাবা
	নাতি/নাতনি	নাতি/নাতনি	নাতি/নাতনি
	দাদা-দাদী/নানা-নানী	দাদা-দাদী/নানা-নানী	দাদা-দাদী/নানা-নানী
	অন্য সম্পর্ক	অন্য সম্পর্ক	অন্য সম্পর্ক
	নিঃসম্পর্ক	নিঃসম্পর্ক	নিঃসম্পর্ক

ব্যক্তি 5 এর নাম

প্রথম নাম JAMES

পদবী SMITH

সম্পর্কঃ

ব্যক্তি 5 এর সঙ্গে – ব্যক্তি ➔	1	2	3	4
স্বামী বা স্ত্রী	☐	☐	☐	☐
পার্টনার (সাথী)	☐	☐	☐	☐
ছেলে বা মেয়ে	☑	☑	☐	☐
সৎ ছেলে/মেয়ে	☐	☐	☐	☐
ভাই বা বোন	☐	☐	☑	☑

ব্যক্তি 6 এর নাম

প্রথম নাম MARGARET

পদবী SMITH

সম্পর্কঃ

ব্যক্তি 6 এর সঙ্গে – ব্যক্তি ➔	1	2	3	4	5
স্বামী বা স্ত্রী	☐	☐	☐	☐	☐
পার্টনার (সাথী)	☐	☐	☐	☐	☐
ছেলে বা মেয়ে	☑	☑	☐	☐	☐
সৎ ছেলে/মেয়ে	☐	☐	☐	☐	☐
ভাই বা বোন	☐	☐	☑	☑	☑

ব্যক্তি 5 এর নাম

প্রথম নাম

পদবী

সম্পর্কঃ ব্যক্তি 5
এর সঙ্গে – ব্যক্তি ➔ 1 2 3 4

স্বামী বা স্ত্রী

পার্টনার (সাথী)

ছেলে বা মেয়ে

সৎ ছেলে/মেয়ে

ভাই বা বোন

মা অথবা বাবা

সৎ মা অথবা সৎ বাবা

নাতি/নাতনি

দাদা-দাদী/নানা-নানী

অন্য সম্পর্ক

নিঃসম্পর্ক

ব্যক্তি 6 এর নাম

প্রথম নাম

পদবী

সম্পর্কঃ ব্যক্তি 6
এর সঙ্গে – ব্যক্তি ➔ 1 2 3 4 5

স্বামী বা স্ত্রী

পার্টনার (সাথী)

ছেলে বা মেয়ে

সৎ ছেলে/মেয়ে

ভাই বা বোন

মা অথবা বাবা

সৎ মা অথবা সৎ বাবা

নাতি/নাতনি

দাদা-দাদী/নানা-নানী

অন্য সম্পর্ক

নিঃসম্পর্ক

অবশিষ্ট প্রশ্নগুলোর উত্তর আপনার পরিবারের প্রতি সদস্যের জন্য 1 নং ছকের (আপনার পরিবারের ফর্ম-এর 2 নং পৃষ্ঠা) তালিকার মতো একই ক্রম অনুসারে পূরণ করতে হবে। যে'ক্ষেত্রে পরিবারের একজন সদস্য কোনরকম ব্যক্তিগত কারণে 'ইন্ডিভিজুয়্যাল' বা আলাদা ফর্ম পূরণ করছে, সে'ক্ষেত্রে ঐ ব্যক্তির জন্য অবশিষ্ট প্রশ্নগুলোর উত্তর দেবার জায়গা খালি রাখতে হবে।

ব্যক্তি 1

1 আপনার নাম কি (1 নং ছকে ব্যক্তি 1)

প্রথম নাম ও পদবী

2 আপনার লিঙ্গ কি?

পুরুষ

নারী

3 আপনার জন্মতারিখ কি?

দিন মাস বছর

4 আপনার বৈবাহিক মর্যাদা কি? (29 এপ্রিল 2001 তারিখে)

অবিবাহিত (কখনো বিবাহ হয়নি)

বিবাহিত (প্রথম বিবাহ)

পুনরায় বিবাহ হয়েছে

বিচ্ছিন্ন (তবে আইনতঃ বিবাহিত)

বিবাহবিচ্ছেদ হয়েছে

বিপত্নীক/বিধবা

5 আপনি কি স্কুলের ছাত্র/ছাত্রী অথবা পুরো সময়ের শিক্ষালাভে নিযুক্ত?

হ্যাঁ ► **6** এ যান

না ► **7** এ যান

6 আপনি কি স্কুল, কলেজ বা ইউনিভার্সিটির টার্ম চলাকালীন এই ফর্ম-এর সামনে দেখানো ঠিকানায় বাস করেন?

♦ **যদি 5 নং প্রশ্নের উত্তরে 'হ্যাঁ' বলে থাকেন, একমাত্র তবেই উত্তর দিন।**

হ্যাঁ, স্কুল/কলেজ/ইউনিভার্সিটি টার্ম চলার সময় আমি এই ঠিকানায় বাস করি

► **7** এ যান

না, স্কুল/কলেজ/ইউনিভার্সিটী টার্ম চলার সময় আমি অন্যত্র বাস করি।

► **35** এ যান

7 আপনি কি আইরিশ ভাষা বুঝতে, বলতে বা লিখতে পারেন?

♦ প্রযোজ্য সমস্ত বাক্সে ✓ চিহ্ন দিন -

কথ্য আইরিশ বুঝতে পারি

আইরিশ বলতে পারি

আইরিশ পড়তে পারি

আইরিশ লিখতে পারি

ওপরের কোনোটাই নয়

8 আপনি কি নিজেকে কোন বিশেষ ধর্মের অন্তর্গত বলে মনে করেন?

হ্যাঁ ► **8a** প্রশ্নে যান

না ► **8b** প্রশ্নে যান

8a আপনি কোন্ ধর্ম, ধর্মীয় সম্প্রদায় বা সংস্থার অন্তর্গত?

রোমান ক্যাথলিক

আয়ারল্যান্ড-এ প্রেস্‌বাইটেরিয়ান চার্চ

চার্চ অভ্ আয়ারল্যান্ড

আয়ারল্যান্ড-এ মেথডিষ্ট চার্চ

অন্যান্য, *নির্দিষ্টভাবে লিখুন*

► **9** নং প্রশ্নে যান

8b কোন্ ধর্ম, ধর্মীয় সম্প্রদায় বা সংস্থার বিশ্বাস অনুসারে আপনি প্রতিপালিত হয়েছেন?

রোমান ক্যাথলিক

আয়ারল্যান্ড-এ প্রেস্‌বাইটেরিয়ান চার্চ

চার্চ অভ্ আয়ারল্যান্ড

আয়ারল্যান্ড-এ মেথডিষ্ট চার্চ

অন্যান্য, *নির্দিষ্টভাবে লিখুন*

কোনোটাই নয়

9 আপনার জন্ম কোন দেশে?

উত্তর আয়ারল্যান্ড

ইংল্যান্ড

ওয়েলস

স্কটল্যান্ড

রিপাবলিক অভ্ আয়ারল্যান্ড

অন্যত্র, *ঐ দেশের বর্তমান নাম লিখুন।*

10 আপনি নিজেকে এই জাতিগত গোষ্ঠিগুলোর কোন্‌টার সদস্য বলে মনে করেন?

♦ কেবল একটা বাক্সে ✓ চিহ্ন দিন -

শ্বেতাঙ্গ

চীনা

আইরিশ 'ট্র্যাভেলার' বা যাযাবর সম্প্রদায়

ভারতীয়

পাকিস্তানী

বাংলাদেশী

কৃষ্ণাঙ্গ ক্যারিবীয়ান

কৃষ্ণাঙ্গ আফ্রিকান

কৃষ্ণাঙ্গ অন্যান্য

মিশ্র জাতিগত গোষ্ঠি, *নির্দিষ্টভাবে লিখুন*

অন্য কোন জাতিগত গোষ্ঠি, *নির্দিষ্টভাবে লিখুন*

11 গত বারো মাসে আপনার স্বাস্থ্য মোটের উপর কেমন ছিল আপনি বলবেন :

ভালো?

মোটামুটি ভালো?

ভালো নয়

12 আপনি কি পরিবারের লোকজন, বন্ধুবান্ধব, প্রতিবেশী বা অন্যদের এইসব কোন কারণে দেখাশোনা করেন বা সহায়তা দিয়ে থাকেন ঃ

- দীর্ঘমেয়াদী শারীরিক বা মানসিক অসুস্থতা বা প্রতিবন্ধকতা, অথবা
- বার্ধক্যের সঙ্গে সম্পর্কিত সমস্যা?

♦ যে চাকরির জন্য আপনি বেতন পান তার অঙ্গ হিসাবে আপনি যা করেন তা এর মধ্যে ধরবেন না।

♦ যে কোন সপ্তাহে এই কাজে দেওয়া সময়ে ✓ দিন।

না

হ্যাঁ, প্রতি সপ্তাহে 1-19 ঘন্টা

হ্যাঁ, প্রতি সপ্তাহে 20-49 ঘন্টা

হ্যাঁ, প্রতি সপ্তাহে 50 + ঘন্টা

ব্যক্তি 1 পূর্বপৃষ্ঠার পর

13 আপনার কি এমন কোন দীর্ঘমেয়াদী অসুস্থতা, স্বাস্থ্যজনিত সমস্যা বা প্রতিবন্ধকতা আছে যা আপনার দৈনন্দিন কর্মক্ষমতাকে বা যে কাজ আপনি করেন তাকে সীমাবদ্ধ করে?

♦ বার্ধক্যজনিত কারণে সৃষ্টি হওয়া সমস্যা হিসাবে ধরুন।

হ্যাঁ না

14 এক বছর আগে আপনার স্বাভাবিক ঠিকানা কি ছিল?

♦ এক বছর আগে আপনি বোর্ডিং স্কুলের আবাসিক বা ছাত্র/ছাত্রী থেকে থাকলে স্কুল/কলেজ/ইউনিভার্সিটি টার্ম চলাকালীন আপনার বসবাসের ঠিকানা দিন।

♦ 29 এপ্রিল 2000 তারিখের পরে জন্মেছে এমন শিশুর ক্ষেত্রে, ✓ দিন : 'এক বছর আগেকার কোন স্বাভাবিক ঠিকানা নেই।'

ফর্ম-এর সামনে দেখানো ঠিকানা

এক বছর আগেকার কোন স্বাভাবিক ঠিকানা নেই।

অন্যত্র, *নিচে লিখুন।*

পোষ্টকে

15 আপনার বয়স 16 থেকে 74 হলে ► **16** তে যান

আপনার বয়স 15 বছর বা তার কম, কিংবা 75 বছর বা তার বেশী হলে ► **35** এ যান

16 এইসব যোগ্যতার কোন্‌টা আপনার আছে?

♦ প্রযোজ্য সমস্ত যোগ্যতায় অথবা তাদের সমতুল্যে ✓ চিহ্ন দিন -

GCSE (grades D-G), CSE (grades 2-5)	NVQ Level 1, GNVQ Foundation
1-4 CSEs (grade 1), 1-4 GCSEs (grades A-C), 1-4 'O' Level Passes	NVQ Level 2, GNVQ Intermediate
5+ CSEs (grade 1), 5+ GCSEs (grades A-C), 5+ 'O' Level Passes, Senior Certificate	NVQ Level 3, GNVQ Advanced
1 'A' Level, 1-3 AS Levels, Advanced Senior Certificate	NVQ Level 4, HNC, HND
2+ 'A' Levels, 4+ AS Levels	NVQ Level 5
প্রথম ডিগ্রী	
উচ্চতর ডিগ্রী	কোন যোগ্যতা নেই

17 গত সপ্তাহে, আপনি কি কোন কাজ করছিলেন :

- কর্মী হিসেবে, অথবা সরকারী পরিচালনাধীন কোন প্রশিক্ষণ কর্মসূচীতে,
- স্ব-নিযুক্ত/স্বাধীন কর্মী হিসাবে, অথবা
- আপনার নিজস্ব/পারিবারিক ব্যবসায়?

♦ ✓'হ্যাঁ' যদি অসুস্থতা, মাতৃত্বকালীন ছুটি, সাধারণ ছুটি নিয়ে বা অস্থায়ীভাবে ছাঁটাই হবার জন্য কাজে অনুপস্থিত থাকেন।

♦ ✓ 'হ্যাঁ' অনিয়মিত বা অস্থায়ী কাজসহ যে কোন বেতনভোগী কাজের জন্য, কেবল এক ঘন্টার জন্য হলেও।

♦ ✓ 'হ্যাঁ' যদি আপনার নিজস্ব/পারিবারিক ব্যবসায় বেতনসহ বা বিনা বেতনে কাজ ক'রে থাকেন।

হ্যাঁ ► **23** এ যান

না ► **18** এ যান

18 গত 4 সপ্তাহে আপনি কি কোনরকম বেতনভোগী কাজ সক্রিয়ভাবে খুঁজছিলেন?

হ্যাঁ না

19 গত সপ্তাহে কোন চাকরি পেয়ে থাকলে, আপনি কি 2 সপ্তাহের মধ্যে তাতে যোগ দিতে পারতেন?

হ্যাঁ না

20 গত সপ্তাহে কি আপনি কি ইতিমধ্যেই পাওয়া কোন চাকরিতে যোগ দেবার অপেক্ষায় ছিলেন?

হ্যাঁ না

21 গত সপ্তাহে, আপনার পরিস্থিতি কি নিচের কোনটার মতো ছিল?

♦ প্রযোজ্য সমস্ত বাক্সে ✓ দিন।

অবসরপ্রাপ্ত

ছাত্র/ছাত্রী

বাড়ি/পরিবারের দেখাশোনায় নিযুক্ত

স্থায়ীভাবে অসুস্থ/প্রতিবন্ধী

ওপরের কোনটাই নয়

22 আপনি কি কখনো কাজ করেছেন?

হ্যাঁ, সর্বশেষ যে বছর কাজ করেছেন তা লিখুন

► **23** এ যান

না, কখনো কাজ করিনি

► **35** এ যান

23 গত সপ্তাহে আপনি যে প্রধান চাকরি করছিলেন তার সম্পর্কে, অথবা গত সপ্তাহে কাজ না ক'রে থাকলে আপনার সর্বশেষ প্রধান চাকরি সম্পর্কে অবশিষ্ট প্রশ্নগুলোর উত্তর দিন।

♦ যে কাজ করায় আপনি সাধারণতঃ সবচেয়ে বেশী ঘন্টা সময় দেন সেটাই আপনার প্রধান কাজ।

24 আপনি কি অন্যের অধীনে কর্মী হিসাবে কাজ করেন (করেছিলেন) অথবা আপনি স্ব-নিযুক্ত (ছিলেন)?

অন্যের অধীনে কর্মী

স্ব-নিযুক্ত এবং কর্মীদের নিয়োগ করি

স্ব-নিযুক্ত/স্বাধীন, কোন কর্মী নিয়োগ করি না।

25 আপনার কাজের জায়গায় আপনার নিয়োগকর্তার অধীনে কতজন লোক কাজ করে (করতো)?

♦ যদি আপনি স্ব-নিযুক্ত হন (ছিলেন) কতজন লোক আপনার অধীনে কাজ করে (করতো) দেখাবার জন্য ✓ দিন।

1 - 9 10 - 24

25 - 499 500 বা বেশী

ব্যক্তি 1 পূর্বপৃষ্ঠার পর

26 আপনার চাকরির পদের পুরো নাম কি (ছিল)?

- উদাহরণস্বরূপ, প্রাইমারী স্কুল টিচার, স্টেট রেজিস্টার্ড নার্স, গাড়ি মেকানিক, টেলিভিশন সার্ভিস্ ইঞ্জিনিয়ার, বেনিফিটস্ অ্যাসিস্ট্যান্ট।
- কেন্দ্রীয় সরকারের কর্মী, স্থানীয় সরকারের কর্মকর্তা - পদের নাম দিন, গ্রেড বা বেতনের স্তর নয়।

27 আপনার প্রধান কাজে আপনি কি করেন (করতেন) বর্ণনা করুন।

28 আপনি কি অন্যান্য কর্মীদের তদারকী করেন (করতেন)?

- একজন সুপারভাইজার বা ফোরম্যান দৈনন্দিন ভিত্তিতে অন্যান্য কর্মীদের কাজকর্মের তদারক করার জন্য দায়ী।

হ্যাঁ *না*

29 যেখানে আপনি চাকরি করেন (করতেন) সেখানে আপনার নিয়োগকর্তার ব্যবসা কি (ছিল)?

- উদাহরণস্বরূপ, জুতো তৈরী, গাড়ি মেরামত, সেকেন্ডারী শিক্ষা, খাবারের পাইকারী ব্যবসা, পোষাকের খুচরা ব্যবসা, ডাক্তারের সার্জারী।
- আপনি যদি স্ব-নিযুক্ত/স্বাধীন কর্মী হন (ছিলেন) অথবা আপনার নিজস্ব ব্যবসা থাকে (ছিল), আপনার কাজ বা ব্যবসার ধরণ কি?
- কেন্দ্রীয় সরকারের কর্মচারী, স্থানীয় সরকারের কর্মকর্তা - বিভাগের নাম দিন।

30 আপনি গত সপ্তাহে কাজ ক'রে থাকলে ► **31** এ যান

আপনি গত সপ্তাহে কাজ না ক'রে থাকলে ► **35** এ যান

31 আপনার প্রধান চাকরি যে সংস্থার সঙ্গে তার পুরো নাম কি?

- নাম লিখুন অথবা নীচের উপযুক্ত একটি বাক্সে ✓ চিহ্ন দিন
- আপনার যদি নিজস্ব ব্যবসা থাকে, তার পুরো নাম লিখুন।

স্ব-নিযুক্ত/স্বাধীন কর্মী

বেসরকারী ব্যক্তির হয়ে কাজ করি

32 আপনার প্রধান চাকরি যে প্রতিষ্ঠানে তার ঠিকানা কি?

- ঠিকানা লিখুন অথবা নীচের উপযুক্ত একটি বাক্সে ✓ চিহ্ন দিন
- যদি আপনাকে ডিপো-তে কাজে যেতে হয়, ডিপো'র ঠিকানা লিখুন।

পোষ্টকোড

প্রধানতঃ বাড়িতে বা বাড়ি থেকে কাজ করি

কোন নির্দিষ্ট স্থায়ী জায়গা নেই

উপকূলবর্তী (অফশোর) প্রতিষ্ঠান

33 আপনি সাধারণতঃ কিভাবে কাজে যাতায়াত করেন?

- কেবল একটা বাক্সে ✓ চিহ্ন দিন -
- দূরত্বের বিচারে, আপনার কাজে যাবার স্বাভাবিক পথের সবচেয়ে দীর্ঘ অংশের বাক্সে ✓ চিহ্ন দিন -

প্রধানতঃ বাড়িতে বা বাড়ি থেকে কাজ করি

ট্রেইন

বাস, মিনিবাস বা কোচ (সরকারী বা বেসকারী)

মোটরসাইকেল, স্কুটার বা মোপেড

মোটরগাড়ি বা ভ্যান চালিয়ে

গাড়ি বা ভ্যান 'পুল' বা অন্য কারো সঙ্গে ভাগাভাগি ক'রে গাড়ি চালিয়ে

কোন গাড়ি বা ভ্যান-এর যাত্রী হিসাবে

ট্যাক্সি

বাইসাইকেল

পায়ে হেঁটে

অন্য কোনভাবে

34 আপনার প্রধান চাকরিতে আপনি সপ্তাহে সাধারণতঃ কত ঘন্টা কাজ করেন

- সবচেয়ে কাছাকাছি সম্পূর্ণ ঘন্টা জানান।
- গত চার সপ্তাহের গড় দিন।

সপ্তাহে যত ঘন্টা কাজ করেছেন তার সংখ্যা

35 ব্যক্তি 1 এর জন্য আর কোন প্রশ্ন নেই।

- ব্যক্তি 2 এর জন্য প্রশ্নগুলোতে যান।
- আপনার পরিবারে যদি আর কোন লোক না থাকে, আপনাকে আর কোন প্রশ্নের উত্তর দিতে হবে না। অনুগ্রহ ক'রে পরের পাতাগুলো খালি রেখে দিন।
- প্রথম পৃষ্ঠায় দেওয়া 'ঘোষণা'য় স্বাক্ষর করতে ভুলবেন না।